সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিক সভার (২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক। |
| তারিখ | : | ২৬ সেপ্টেম্বর, ২০২২ |
| স্থান | : | কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক'। |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিকের ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভা ২৬ সেপ্টেম্বর, ২০২২ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংশ্লিষ্ট ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার এবং অন্যান্য নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

২.০০: সভার শুরুতে সোনালী ব্যাংক লিমিটেডের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন এবং সার্বিক বিষয়ে নিম্নোক্ত দিকনির্দেশনা প্রদান করেন:

- সরকারি নির্দেশনা মোতাবেক জ্বালানি খরচ ২০% এবং বিদ্যুৎ ব্যবহার ২৫% কমানোর বিষয়ে প্রধান কার্যালয় থেকে সময় সময় জারিকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। ব্যাংকের গাড়ি ব্যবহারে সবাইকে সতর্ক হতে হবে যাতে জ্বালানি খরচ কম হয়।
- ডে-লাইট কাজে লাগিয়ে বিদ্যুতের ব্যবহার কমাতে হবে।
- যথাসময়ে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। পুরস্কার প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র Financial Integrity বিবেচনা করার সাথে Professional Integrity বিবেচনা করতে হবে।
- গ্রাহকদের কোনো অভিযোগ থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কে নিষ্পত্তি করতে হবে।
- সেবার মান উন্নয়নে সবাইকে সচেষ্ট হতে হবে। ব্যাংকের সিটিজেন চার্টার প্রতিনিয়ত আপডেট করে শাখার দৃশ্যমান স্থানে রাখতে হবে। গ্রাহকসেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি করা, সেবা সহজীকরণ বিষয়ে উদ্যোগ গ্রহণ এবং ToR অনুযায়ী কার্যক্রম মনিটরিং এর জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিকে নির্দেশনা প্রদান করেন।
- APA তে উল্লিখিত লক্ষ্যসমূহ অর্জনে সবাইকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০০: ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ তার বক্তব্যে আমানত, ঋণ ও অগ্রিম, শ্রেণিকৃত ঋণ আদায়, আমদানি-রপ্তানি ব্যবসায়ের উন্নয়ন ও মুনাফার লক্ষ্যমাত্রা অর্জনসহ APA অনুযায়ী লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোকপাত করেন। সর্বোপরি ব্যাংকের সার্বিক কার্যক্রমে শুদ্ধাচার বিষয়ক নির্দেশনাসমূহ পরিপালনের উপর গুরুত্বারোপ করেন।

৪.০০: সভার সঞ্চালক হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট জনাব বীথি আক্তার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুসরণে এর প্রেক্ষাপট ও কার্যক্রম সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর সাথে সোনালী ব্যাংক লিমিটেডের ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে অন্যান্য কার্যক্রম বিষয়ে এ ব্যাংকের গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরেন।

৫.০০: সোনালী ব্যাংক লিমিটেড এর শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নিম্নোক্ত ৪টি বিশেষ উদ্যোগের তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয় :

(১) <u>Sonali e-Wallet মোবাইল অ্যাপের মাধ্যমে বিদেশ থেকে প্রবাসীগণ কর্তৃক লেনদেন:</u>
Cashless Society গঠনের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড মোবাইল অ্যাপ Sonali e-Wallet চালু করেছে। ডিসেম্বর-২০২২ এর মধ্যে এ ব্যাংকের হিসাবধারী প্রবাসীগণ বিদেশ থেকেই উক্ত অ্যাপস ব্যবহার করার সুবিধা পাবেন।

(২) <u>সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাব খোলা:</u>
ডিসেম্বর-২০২২ এর মধ্যে শিক্ষার্থীগণ ঘরে বসেই কয়েক মিনিটে ব্যাংক হিসাব খুলতে পারবে।

(৩) <u>পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পেমেন্ট পদ্ধতি সহজীকরণ:</u>
ডিসেম্বর-২০২২ এর মধ্যে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট এ জমাকৃত টাকা সহজীকরণ ও অটোমেটেড করার লক্ষ্যে এ সেবা চালু করা হবে।

(৪) <u>DDP Payment System Automation :</u>
মার্চ-২০২৩ এর মধ্যে কল্যাণ ভাতার কার্ডধারী কর্মচারীগণের টাকা স্বয়ংক্রিয়ভাবে তাদের ব্যাংক হিসাবে জমা হবে।

৬.০০: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

(১) সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

(২) সোনালী ব্যাংক স্টাফ কলেজ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে এ কোয়ার্টারে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৩৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে কমিটি অবহিত হয়।

(৩) ব্যাংকের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করায় কমিটি সন্তোষ প্রকাশ করে। প্রয়োজনে ক্রয় পরিকল্পনা হালনাগাদ করার বিষয় আলোচিত হয়।

(৪) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী ৫(পাঁচ) জন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীকে 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২' প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।

(৫) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে ছড়া বাছাই করে ২১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় উল্লিখিত বই হতে ৪৯নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

(৬) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে জেনারেল ম্যানেজার'স অফিস ঢাকা সাউথ এর অধীনে কয়েকটি শাখায় গ্রাহকের অংশগ্রহণের মাধ্যমে সভার অনুষ্ঠিত হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়। একইসাথে জিএম অফিসে তাদেরকে শুদ্ধাচার বিষয়ে গৃহীত কার্যক্রমের ওপর ফিডব্যাক প্রদান করা হয়।

৭.০০: নৈতিকতা কমিটির সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) সোনালী ব্যাংক স্টাফ কলেজসহ প্রধান কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল (এনআইএস) ও APA বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়সমূহের ওপর প্রতি কোয়ার্টারে স্টাফ কলেজে বা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃক প্রশিক্ষণ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রয়োজনে শনিবারেও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

(২) কর্ম-পরিবেশ উন্নয়ন করা বিশেষত অকেজো গাড়ি ডিসপোজাল, অফিসে জীবাণুনাশক ছিটানো, নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, প্রধান কার্যালয়ে নারীদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা, ফায়ার সেফটি নিশ্চিতকরণ কার্যক্রম অব্যাহত রাখার এবং কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সম্পাদিত কর্মকাণ্ডের অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

(৩) সভায় ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট ডিভিশনকে নির্দেশনা প্রদান করা হয়।

(৪) 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২২-২০২৩' যথাসময়ে প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে Financial Integrity এবং Professional Integrity বিবেচনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

(৫) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে প্রতি কোয়ার্টারে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।

(৬) মাঠ পর্যায়ে জিএম অফিসসমূহকে শুদ্ধাচার চর্চা জোরদার করার জন্য নিয়মিতভাবে ব্যবসায়িক মত বিনিময় সভাসহ সময়ে সময়ে ঘোষিত বিভিন্ন কর্মসূচি/সেবা সপ্তাহ যথাযথভাবে পরিপালনের এবং অংশীজনের সাথে মতবিনিময়ের নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে মাঠ পর্যায়ে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

৮.০০: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতাভুক্ত আবশ্যিক কর্মপরিকল্পনাসমূহ সুষ্ঠু বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৫টি ডিভিশনের প্রধানকে কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়:

| | | |
|---|---|---|
| (১) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | : | ডিজিএম, এইচআরডিডি |
| (২) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | : | ডিজিএম, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) |
| (৩) সেবা প্রদান প্রতিশ্রুতি | : | ডিজিএম, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন |
| (৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থা | : | ডিজিএম, ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| (৫) তথ্য অধিকার | : | ডিজিএম, পাবলিক রিলেশন্স ডিভিশন |

৯.০০: পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার আহ্বান জানান এবং সভায় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৯/২০২২

(মোঃ আফজাল করিম)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।






1:04:25
File
View
Play
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)
বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির
২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা
(জুলাই-সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার)
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক।
স্থান : কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ২৬ সেপ্টেম্বর, ২০২২



সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা

( জুলাই - সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আফজাল করিম,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১ | সদস্য | |
| ৩ | জনাব সঞ্চিয়া বিনতে আলী,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-২ | আমন্ত্রিত | 26.09.2022 |
| ৪ | জনাব মোঃ কামরুজ্জামান খান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৩ | আমন্ত্রিত | — |
| ৫ | জনাব সুভাষ চন্দ্র দাস,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ৬ | জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO) | সদস্য | 26/9/22 |
| ৭ | জনাব মোঃ আবু সাঈদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ৮ | জনাব মোঃ বিল্লাল হোসেন,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | — |
| ৯ | জনাব তাওহিদুল ইসলাম,<br>কোম্পানি সেক্রেটারি | আমন্ত্রিত | |
| ১০ | জনাব এ,কে,এম সেলিম আহমেদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | |
| ১১ | জনাব মোঃ নূরুন নবী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | — |
| ১২ | জনাব মোঃ বারেকুজ্জামান,<br>চিফ ল' অফিসার | আমন্ত্রিত | |
| ১৩ | জনাব মোঃ দেলোয়ার হোসেন,<br>চিফ ইঞ্জিনিয়ার | আমন্ত্রিত | |
| ১৪ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | 26.09.2022 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত
## প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা
## ( জুলাই - সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫ | জনাব মোঃ রফিকুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | — |
| ১৬ | জনাব আশরাফুল হায়দার চৌধুরী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] ২৬/০৯/2022 |
| ১৭ | জনাব কাজী মোঃ মফিজুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] ২৬/০৯/২২ |
| ১৮ | জনাব মোঃ মিজানুর রহমান মজুমদার,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] 26/09/2022 |
| ১৯ | জনাব মাকসুদা আক্তার রোজী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | — |
| ২০ | জনাব সাহিদা খানম,<br>জেনারেল ম্যানেজার,<br>ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন | সদস্য | [signature] 26.09.2022 |
| ২১ | জনাব বীথি আক্তার,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | [signature] 26.09.2022 |
| ২২ | মহম্মদ মঞ্জুরুল হক<br>ডিজিএম লোন রিকভারী টিম<br>লোন রিকভারী ডিভিশন | | [signature] ২৬/০৯/22 |
| ২৩ | মোঃ শফিউল আলম<br>ডিজিএম<br>লোন রিকভারী ডিভিশন | — | [signature] ২৬/০৯/2022 |
| ২৪ | মোঃ গোলাম হোসেন<br>ডিজিএম<br>বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন ([illegible] [illegible]) | — | [signature] ২৬/৯/২০22 |
| ২৫ | প্রদীপ কুমার পাল<br>ডিজিএম<br>রিকনসিলিয়েশন ডিভিশন | | [signature] ২৬/০৯/2022 |

সোনালী ব্যাংক লিমিটেড

<u>প্রধান কার্যালয়, ঢাকা</u>

<u>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)</u>

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

<u>প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা</u>

<u>( জুলাই - সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার )</u>

<u>তারিখ</u>: ২৬ সেপ্টেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| 26 | [illegible] হক<br>ডিজিএম<br>[illegible] | | 26/09/2022 |
| 27 | মো: [illegible] মজুমদার<br>ডিজিএম. [illegible] | | |
| 28. | [illegible] দাস<br>ডিজিএম (LCD) | | |
| 29 | Ashrafun Nesa<br>DGM (Agent Banking) | | |
| 30. | Shahanaz Begum<br>DGM, Cards Div. | | 26/09/2022 |
| 31 | Md. Atiqur Rahman<br>DGM GASD | | 26/09/2022 |
| 32. | Md. Jashim Uddin Khan.<br>DGM, BDD | | 26/9/2022 |
| 33. | MD. Rajib-UL-Islam | | |
| 34 | Md. Abdul Mannan Shaikh<br>IPFD, H.O. | | 26.09.22 |

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত
প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা
( জুলাই - সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| 35 | Md. Iqbal Kabir<br>DGM, Business IT | | [signature] 26.09.22 |
| 36 | Abdullah Foysal<br>DGM, IT Procurement & Maintenance | | [signature] 26.09.22 |
| 37. | Md. Fakrul Islam<br>DGM. EWTD | | [signature] 26.09.22 |
| 38 | MD. Khairul Alam.<br>DGM, VCMD | | [signature] 26.09.2022 |
| 39 | Md. Mazibur Rahman.<br>DGM | | [signature] 26/9/2022 |
| 40 | Md. Shah Alam, DGM, SMED | | [signature] 26.09.2022 |
| 41 | Md. Golam Siddique | | [signature] 26/09/22 |
| 42. | Md. Alamgir Hossain Howlader | | [signature] 26/09/2022 |
| 43. | Masud Ahmed Khan | | [signature] 26/9/22 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা

( জুলাই - সেপ্টেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| 44 | Tuhin Kanti Halder<br>AGM, HRDD | - | 26/09/2022 |
| 45. | Md. Monowar Hasan<br>SPO HRDP | | 26.09.2022 |
| 46. | Sujan Kumar Poddar<br>SPO HRDD | | 26/09/2022 |
| 47 | Salim Sikder<br>PO HRDD | | 26.9.2022 |
| 48. | মো: মারুফ হাওলাদার খান<br>SPO HRMD | | 26.9.2022 |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

The Daily Star [ Business B3 ] 2022-09-27

## Sonali Bank Press Release

--




**Md Afzal Karim, managing director and convener of an ethical committee of Sonali Bank, presides over the first meeting of a National Integrity Strategy Implementation of Ethical Committee for fiscal year 2022-23 at its head office in Dhaka yesterday. Niranjan Chandra Debnath and Sanchia Binte Ali, deputy managing directors, and Bithi Akter, deputy general manager of human resource development division, were present.** PHOTO: SONALI BANK

FE The Financial Express [ P- 14 ] 2022-09-27

# Md Afzal Karim presiding over first meeting of National Integrity Strategy Implementation Ethical Committee

--



**Sonali Bank Limited Managing Director & CEO and Convener of Ethical Committee Md Afzal Karim presiding over the first meeting of National Integrity Strategy Implementation Ethical Committee for the 2022-2023 fiscal year at the bank's head office in the city on Monday**

দৈনিক জনকণ্ঠ [ পাতা ১৪ ] 2022-09-27

# সোনালী ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির প্রথম সভা অনুষ্ঠিত

--



## সোনালী ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সোনালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা (জুলাই-সেপ্টেম্বর কোয়ার্টার) প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সোমবার ব্যাংকের প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সিইও এ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর মোঃ আফজাল করিমের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার বীথি আক্তারের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর নিরঞ্জন চন্দ্র দেবনাথ, সঞ্চিয়া বিনতে আলী, প্রধান কার্যালয়ের জেনারেল ম্যানেজারবৃন্দসহ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সমকাল [ পাতা ১২ ] 2022-09-27

# সোনালী ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা

--



## সোনালী ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নসংক্রান্ত নৈতিকতা কমিটির সভা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম সভা (জুলাই-সেপ্টেম্বর প্রান্তিক) অনুষ্ঠিত হয়েছে। গত সোমবার ব্যাংকের প্রধান কার্যালয়ে ব্যাংকের নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং ম্যানেজিং ডিরেক্টর মো. আফজাল করিমের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার বীথি আক্তারের সঞ্চালনায় সভায় ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর নিরঞ্জন চন্দ্র দেবনাথ, সঞ্চিয়া বিনতে আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

কালের কণ্ঠ [ P-12 ] 2022-09-27

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সোনালী ব্যাংকের নৈতিকতা কমিটির প্রথম সভা

--



**সোনালী ব্যাংক :** জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির চলতি অর্থবছরের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। নৈতিকতা কমিটির আহবায়ক এবং সিইও অ্যান্ড এমডি মো. আফজাল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্যাংকের ডিএমডি নিরঞ্জন চন্দ্র দেবনাথ, সঞ্চিয়া বিনতে আলী প্রমুখ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

**২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিকের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির সদস্য। |
| বিশেষ অতিথি | : | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট। |
| সভাপতি | : | জনাব গিয়াস উদ্দিন মাহমুদ, জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সাউথ, ঢাকা। |
| তারিখ | : | ২১ সেপ্টেম্বর, ২০২২, বুধবার, বিকাল ৪:০০টা। |
| স্থান | : | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা-সাউথ, ঢাকা। |
| উপস্থিতি | : | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সাউথ এর আওতাধীন বিভিন্ন শাখার গ্রাহকসহ প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তাবৃন্দ (সংলগ্নী-'ক')। |

১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট জনাব বীথি আক্তার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রেক্ষাপট ও কার্যক্রম সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। তিনি কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরেন।

২। প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন যে, ব্যাংকের প্রতিটি কার্যক্রম শুদ্ধাচারের সাথে সম্পৃক্ত। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন এবং এর বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার জন্য আহ্বান জানান। তিনি আরও উল্লেখ করেন যে, শুদ্ধাচার বিষয়টি প্রতিটি কর্মকর্তা/কর্মচারীর ভেতর থেকে স্বতঃস্ফূর্তভাবে আসতে হবে। তিনি উপস্থিত সম্মানিত গ্রাহকদেরকে বর্তমানে সেবা প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যা আছে কী-না তা নিঃসংকোচে উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

৩। বিশেষ অতিথি হিসেবে জেনারেল ম্যানেজার (এইচআর) ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট তার বক্তব্যে, শুদ্ধাচারকে আলাদা কোনা বিষয় না ভেবে ব্যাংকিং কার্যক্রমসহ ব্যক্তি জীবনের সকল ক্ষেত্রে অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করার বিষয় উল্লেখ করেন।

৪। সভাপতি মহোদয় তার বক্তব্যে জিএম অফিস, ঢাকা-সাউথ এর নিয়ন্ত্রণাধীন বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, শিল্পভবন কর্পোরেট শাখা ও বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখার সম্মানিত গ্রাহকদের সভায় উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন ব্যাংকিং এর সকল ক্ষেত্রে প্রো-একটিভ হতে হবে। APA বাস্তবায়নে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে আমরা প্রথম স্থান অর্জন করেছি। বাংলাদেশ যেমন অনেক এগিয়েছে, এ ব্যাংকও তেমনি এগিয়েছে। স্বচ্ছতা এমন পর্যায়ে এসেছে যে, প্রত্যন্ত অঞ্চলের কোনো গ্রাহক কাঙ্ক্ষিত সেবা না পেলে সরাসরি অভিযোগ করতে পারছেন। অভিযোগ প্রাপ্তির সাথে সাথেই তা প্রতিকার করা হচ্ছে। যথাসময়ে সেবা প্রদানে অগ্রগতির ফলে গ্রাহক এ ব্যাংকের ওপর আস্থা রেখেছেন। তিনি গ্রাহকসেবা সমুন্নত রাখার জন্য জিএম অফিস, ঢাকা সাউথ এর বিভিন্ন কর্মকান্ডের ও আলোকপাত করেন।

৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় এ ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকার ঋণ সুবিধাভোগী মেসার্স রাজধানী এন্টারপ্রাইজ এর কর্ণধার জনাব গোবিন্দ চন্দ্র সাহা তার বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, ১৯৯৪ সাল হতে এ ব্যাংকের সাথে আছেন। তিনি ২০০৮ সালে এ ব্যাংকের সেরা গ্রাহক হিসেবে মনোনীত হন। এছাড়া, বিভিন্ন ক্যাটাগরিতে ১৩ বার মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত স্বর্ণপদক ও ট্রফিসহ একাধিকবার পুরস্কার প্রাপ্ত। সবজি রপ্তানি ব্যবসায় তিনি এ ব্যাংকের মাধ্যমে প্রায় ২.৫ মিলিয়ন ইউএস ডলার রফতানি করেছেন। তিনি জানান ব্যাংকিং সেক্টরে সোনালী ব্যাংক একটা বটগাছের মতো। তিনি বিদ্যমান গ্রাহক সেবায় সন্তুষ্টি প্রকাশ করে তা অব্যাহত রাখার আহ্বান জানান। তিনি যোগ্য প্রতিস্থাপক পদায়ন সাপেক্ষে ফরেন এক্সচেঞ্জ ডেস্ক থেকে বদলি করার জন্য পরামর্শ প্রদান করেন।

৬। বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখার গ্রাহক তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান সিনসিয়ার (Sincere) নীট গার্মেন্টস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ গোলাম ফাত্তাহ তার কোম্পানির এক্সপোর্ট প্রায় ১.৫ মিলিয়ন ইউএস ডলার বলে উল্লেখ করেন। তিনি সভায় বাংলাদেশ ব্যাংক অথবা এ ব্যাংকের নীতি-নির্ধারণী পর্যায়ে রপ্তানির ক্ষেত্রে কিছু পরিবর্তন আনার জন্য পরামর্শ প্রদান করেন।

৭। শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকার গ্রাহক তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান জাহারা ফ্যাশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব বেনজির আহমেদ ২০০৪-২০০৫ থেকে এ ব্যাংকের গ্রাহক হিসেবে রয়েছেন। তিনি ২০১১ সাল হতে এক্সপোর্ট ব্যবসা শুরু করেন। তার বাৎসরিক রপ্তানির পরিমাণ প্রায় ১.৪ মিলিয়ন ইউএস ডলার। তিনি উল্লেখ করেন যে, শাখা প্রধানসহ সংশ্লিষ্ট ডেস্কের কর্মকর্তা আন্তরিক হলে গ্রাহকসেবার মান ধরে রাখা সম্ভব এবং বর্তমানে তারা উক্ত শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতায় সন্তোষ প্রকাশ করেন।

৮। শিল্পভবন কর্পোরেট শাখার ১২.৫ কোটি টাকা প্রজেক্ট ঋণ সুবিধাভোগকারী গ্রাহক ঢাকা শিফলি ফ্যাশন এর প্রোপাইটর জনাব আব্বাস উদ্দিন খান গার্মেন্টস এক্সেসোরিজ (Accessories) সরবরাহকারী তার অভিজ্ঞতার কথা সভায় উপস্থাপন করেন। তিনি ব্যাংকারদের একটু লিবারেল এবং উদার দৃষ্টিভঙ্গিসম্পন্ন হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি প্রজেক্ট লোন পরবর্তী ওয়ার্কিং ক্যাপিটাল পেতে সময়ক্ষেপন হলে প্রজেক্টের কার্যক্রম শুরু করতে বিলম্ব হয় বিধায় প্রজেক্ট লোন ও ওয়ার্কিং ক্যাপিটাল প্রস্তাব একসাথে অনুমোদন করে প্রজেক্ট সম্পন্ন হওয়ার পর ওয়ার্কিং ক্যাপিটাল ডিসবার্স করার পরামর্শ প্রদান করেন।

৯। বেলাফেস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ শহিদুল ইসলাম এ ব্যাংকের বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখার গ্রাহক। তিনি এক্সপোর্ট-ইমপোর্ট-সাপ্লাইয়ার। তিনি ই-কমার্স ব্যবসার সাথে যুক্ত। ১৯৮৯ থেকে তিনি ব্যবসার সাথে যুক্ত আছেন। তিনি উল্লেখ করেন পূর্বে এলসি খুলতে ৭/১০ দিন পর্যন্ত লেগে যেতো। বর্তমানে একদিনের মধ্যেই তারা এলসি খুলতে পারেন বলে সন্তোষ প্রকাশ করেন।

১০। উপস্থিত গ্রাহকদের বক্তব্যের সাথে সহমত ব্যক্ত করে সভার প্রধান অতিথি ডিএমডি জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ ভবিষ্যতে সোনালী ব্যাংক তার গ্রাহকদের সর্বোত্তম সেবা প্রদান করবে মর্মে আশ্বাস প্রদান করেন এবং গ্রাহকের নিকট যে কোনো সময় পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান। প্রধান অতিথি মহোদয় গ্রাহকদের ব্যবসায়িক সমৃদ্ধি ও ভবিষ্যতে ব্যাংকের পূর্ণ সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

১১। এছাড়াও সভায় উপস্থিত সংশ্লিষ্ট শাখার ডেপুটি জেনারেল ম্যানেজারবৃন্দ নির্ধারিত আলোচনায় অংশগ্রহণ করে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী)
জেনারেল ম্যানেজার
ও
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি,
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।









# সোনালী ব্যাংক লিমিটেড

জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা

সুবর্ণ ৫০ জয়ন্তী

সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা

প্রধান অতিথি : জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

বিশেষ অতিথি : জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট।

সভাপতি : জনাব গিয়াস উদ্দিন মাহমুদ, জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সাউথ, ঢাকা।

সার্বিক ব্যবস্থাপনায় : সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-সাউথ, ঢাকা।

তারিখ ও সময় : ২১ সেপ্টেম্বর, ২০২২, বুধবার, বিকাল ৪:০০ টা।

স্থান : কনফারেন্স রুম, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা-সাউথ, বোরাক বিজ সেন্টার (৭ম-৯ম তলা), ৭০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরের ১ম সভায় (জুলাই-সেপ্টেম্বর,২০২২ কোয়ার্টার) উপস্থিত নির্বাহীবৃন্দের নামের তালিকা :-

| ক্র: নং | নির্বাহী/কর্মকর্তাগণের নাম | পদবী | অনুস্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ | ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ২ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী | জেনারেল ম্যানেজার (এইচ আর), প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ৩ | জনাব গিয়াস উদ্দিন মাহমুদ | জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | 21.09.2022 |
| ৪ | বেগম বীথি আক্তার | ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর ডিডি), প্রধান কার্যালয়, ঢাকা। | 22.09.2022 |
| ৫ | জনাব মোঃ মকবুল হোসেন | ডেপুটি জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | |
| ৬ | বেগম শামীমা নূর | ডেপুটি জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | 21.09.2022 |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান | ডেপুটি জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | |
| ৮ | জনাব কাজী মোহাম্মদ সানাউল্লাহ | ডেপুটি জেনারেল ম্যানেজার, বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা। | 21/9/22 |
| | জনাব মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী | ডেপুটি জেনারেল ম্যানেজার, শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকা। | 21.09.2022 |
| ৯ | বেগম নূরুন নাহার | ডেপুটি জেনারেল ম্যানেজার, বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখা, ঢাকা। | 21.09.22 |
| ১০ | জনাব মোঃ সোহরাব হোসেন | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | 21/9/22 |
| ১১ | জনাব আই.এ.এম খলিল উল্লাহ | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | |
| ১২ | বেগম খালেদা আক্তার | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | 21.09.2022 |
| ১৩ | জনাব মোঃ নুরুজ্জামান | এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | 21.09.2022 |
| ১৪ | জনাব আলী আহাদ হাওলাদার | সিনিয়র প্রিন্সিপাল অফিসার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | |
| ১৫ | ইলোরা পাল | প্রিন্সিপাল অফিসার, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা। | |
| ১৬ | মোঃ আবুল হাই | প্রোগ্রামার, জিএমও, ঢাকা সাউথ | |
| ১৭ | তুহিন কান্তি হালদার | এ পি ও | 21.09.2022 |
| ১৮ | [illegible] | এ. পি. ও | 21.09.2022 |
| ১৯ | গোবিন্দ চন্দ্র সাহা | [illegible] | 21.09.2022 |
| ২০ | সাইদুল ইসলাম | [illegible] | 21-9-2022 |
| ২১ | বেনজীর আহমেদ | | |
| ২২ | | [illegible] | |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রমনং | নির্বাহী/কর্মকর্তাগণের নাম | পদবী | অনু:স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৩ | এম. [illegible] | MD- Sincere Garments | [illegible] |
| ২৪ | [illegible] উদ্দিন [illegible] | M.D. Dhaka [illegible] Fashion Ltd | [illegible] |
| ২৫ | মো: নাছির উদ্দিন | G.M Commercial | Nasiruddin |
| ২৬ | | | |
| ২৭ | | | |
| ২৮ | | | |
| ২৯ | | | |
| ৩০ | | | |